[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিবৃতিতে স্মিথ বলেছেন, ‘দারুণ সময় কাটালাম। প্রতিটা মিনিট উপভোগ করেছি। অসাধারণ কিছু মুহূর্ত এবং দুর্দান্ত স্মৃতি রয়েছে। দুটো বিশ্বকাপ জেতা জীবনের অন্যতম স্মরণীয় স্মৃতি। সঙ্গে এই যাত্রায় পেয়েছি কিছু দুর্দান্ত সতীর্থকেও।’

হঠাৎ অবসরের কারণ হিসেবে স্মিথ বলেছেন নতুনদের সুযোগ দেওয়ার বিয়ষটি, ‘২০২৭ বিশ্বকাপের প্রস্তুতি শুরু করার সুযোগ চলে এসেছে। তাই বাকিদের জন্য জায়গা ছেড়ে দেওয়ার এটাই সেরা সময়। আপাতত টেস্ট ক্রিকেটই আমার কাছে অগ্রাধিকার। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে খেলার জন্য মুখিয়ে রয়েছি। তারপর শীতকালে ওয়েস্ট ইন্ডিজ এবং ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে খেলা। এখনও অনেক কিছু দেওয়ার বাকি রয়েছে।’

সূত্র: যুগান্তর

গাংনীতে আ. লীগ নেতার অবৈধ গ্যাস ব্যবসায় ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার অপরাধে স্থানীয় আওয়ামী লীগ নেতা মো. জাহাঙ্গীর আলমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার (৪ মার্চ) দুপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের পক্ষ থেকে গাংনী উপজেলার তেরাইল বাজারের মেসার্স পরশ এন্টারপ্রাইজকে এই জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

তিনি জানান, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুসারে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার দায়ে মো. জাহাঙ্গীর আলমের প্রতিষ্ঠান

মেসার্স পরশ এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়, যা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।
পাশাপাশি, দ্রুততম সময়ে প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ ও জেলা পুলিশের একটি টিম।

প্রাইম ব্যাংকের কোচ-অধিনায়ক-ম্যানেজারকে জরিমানা

শুরুর দিনেই বিশৃঙ্খলা দেখেছিল ঢাকা প্রিমিয়ার লিগ (ডিপিএল)। সোমবার আম্পায়ারের সঙ্গে বিতণ্ডায় জড়িয়ে পড়েন প্রাইম ব্যাংক ক্রিকেট ক্লাবের কোচ-ম্যানেজার ও অধিনায়ক। রূপগঞ্জ টাইগার্স ক্রিকেট ক্লাবের বিপক্ষে গতকালের ম্যাচটি বন্ধ ছিল প্রায় ৩০ মিনিট। সেই ঘটনায় মোটা অঙ্কের জরিমানা গুনেছে ক্লাবটি।

বিকেএসপির চার নম্বর মাঠে বসেছিল দুদলের লড়াই। প্রাইম ব্যাংকের ইনিংসের ফাহাদ হোসেনকে এক্সট্রা কাভারে ঠেলে রান নিতে যান অধিনায়ক ইরফান শুক্কুর। পড়েন রান আউটের ফাঁদে। ওই সিদ্ধান্ত নিয়েই বাঁধে বিপত্তি। যা অনেকটা দূর পর্যন্ত এগিয়ে যায়। রেফারির সঙ্গে বাক বিতণ্ডায় জড়িয়ে পড়েন ক্লাবটির কোচ তালহা জুবায়ের, ম্যানেজার দেব চৌধুরি ও অধিনায়ক ইরফান শুক্কুর।

ক্রিকেটাররা এক পর্যায়ে মাঠ থেকে উঠে আসেন। ডাগ আউটে প্রাইম ব্যাংকের কোচ জুবায়েরের সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিয়ম হয় ম্যাচ রেফারি আকতারুজ্জামান শিপারের। এই ঘটনায় জুবায়েরকে নিষিদ্ধ করার হুমকি দেন আম্পায়ার শিপার। আজ ক্লাবটির সূত্র জানিয়েছে, অর্ধলাখ টাকা জরিমানা গুনতে হচ্ছে কোচ জুবায়েরকে।

তবে তিনি একা নন। দলের ম্যানেজার ও অধিনায়ক শুক্কুরকেও ৫০ হাজার টাকা জরিমানা গুনতে হবে। ম্যাচ রেফারির সঙ্গে অসৌজন্যমূলক

আচরণের কারণে অধিনায়ক শুক্কুরকে ৩ ডিমেরিট পয়েন্ট দেওয়া হয়েছে।

হট্টগোলের দিনে ম্যাচটি অবশ্য দারুণভাবে জিতে নেয় প্রাইম ব্যাংক। রূপগঞ্জের ছোঁড়া ২১৬ রানের লক্ষ্য ৩ উইকেট রেখে পেরিয়ে যায়। বিকেএসপিতে এদিন ব্যাটিংয়ে বীরত্ব দেখিয়ে দলকে জয় এনে দেন শামিম পাটোয়ারি। খেলেন ৯৮ রানের হার না মানা ইনিংস।

সূত্র: যুগান্তর

বিসিবির ১৮তম সভা আজ, জানা যাবে সিমন্সের ভাগ্য

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ১৮তম সভা আজ দুপুরে মিরপুরে বোর্ডের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। এই সভায় জাতীয় দলের প্রধান কোচ ফিল সিমন্স ও সিনিয়র সহকারী কোচ মোহাম্মদ সালাউদ্দিনের চুক্তির মেয়াদ বাড়ানো নিয়ে আলোচনা হবে।

চ্যাম্পিয়ন্স ট্রফির পর তাদের চুক্তি শেষ হয়েছে। একই সঙ্গে ক্রিকেটারদের চুক্তি নিয়েও সিদ্ধান্ত হবে। সভা শুরু হবে বেলা দেড়টায়।

নির্বাচক দলের সদস্য হান্নান সরকারের পদত্যাগ পত্র গ্রহণ করা হবে কি না এ বিষয়েও সিদ্ধান্ত নেওয়া হবে। ঘরোয়া ক্রিকেটে পুরো বছরের ফিকশ্চার নিশ্চিত করা নিয়েও আলোচনা হবে।

এছাড়া কিছু আর্থিক ব্যাপার রয়েছে। আলোচনা হবে অন্তর্বর্তীকালীন বিসিবির নির্বাচন নিয়েও। অধিকাংশ পরিচালক না থাকায় ১০ জনের মধ্যেই বিসিবির সব দায়িত্ব বণ্টন করা হয়েছে।

সূত্র: যুগান্তর

সেমির প্রতিপক্ষ বাছাইয়ে ভারত-নিউজিল্যান্ডের একাদশ হতে পারে যেমন

চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনাল নিশ্চিত হয়ে গেছে আগেই। এখন সেমিতে প্রতিপক্ষ বাছাইয়ের সুযোগ ভারত ও নিউজিল্যান্ডের সামনে। সেমির আগে ‘এ’ গ্রুপের চ্যাম্পিয়ন হতে আজ দুপুর ৩ টায় দুবাইয়ে মুখোমুখি হচ্ছে ভারত-নিউজিল্যান্ড। সেমির আগে দুদলের একাদশেই আসতে পারে বেশ কিছু পরিবর্তন।

দুবাইয়ে আজ ভারত-নিউজিল্যান্ড ম্যাচে জয়ী দল ‘এ’ গ্রুপের সেরা হিসেবে খেলবে সেমিতে। যারা সেমিতে মুখোমুখি হবে গ্রুপ ‘বি’ রানার্সআপ অস্ট্রেলিয়ার বিপক্ষে। অন্যদিকে এই ম্যাচে হারা দল মুখোমুখি হবে ‘বি’ গ্রুপের চ্যাম্পিয়ন দক্ষিণ আফ্রিকার বিপক্ষে।

নকআউট পর্বের আগে প্রয়োজনীয় শেষ পরীক্ষা সেরে নিতে পারেন কোচ গৌতম গম্ভীর। বিশ্রাম পেতে পারেন অধিনায়ক রোহিত শর্মা। এছাড়াও একাদশে লোকেশ রাহুলের জায়গায় উইকেটকিপার হিসেবে দেখা যেতে পারে ঋষভ পান্তকে। এছাড়াও একাদশে সুযোগ মিলতে পারে বরুণ চক্রবর্তীর।

অন্যদিকে, ভারতের মতো নিউজিল্যান্ডও সেমি নিশ্চিত করে ফেলায় একাদশে পরিবর্তন করতে পারে। অভিজ্ঞ কেন উইলিয়ামসনকে বিশ্রাম দেওয়া হতে পারে। তার জায়গায় প্রথম একাদশে আসতে পারেন মার্ক চাপম্যান। মিচেল ব্রেসওয়েলের জায়গায় প্রথম একাদশে আসতে পারেন ড্যারিল মিচেল। ব্যাটিং অর্ডারের আট নম্বরে থাকবেন অধিনায়ক স্যান্টনার।

ভারতের সম্ভাব্য একাদশ: শুভমান গিল (অধিনায়ক) বিরাট কোহলি, শ্রেয়াস আয়ার, অক্ষর প্যাটেল, ঋভষ পান্ত (উইকেটরক্ষক), হার্দিক পান্ডিয়া, রবীন্দ্র জাডেজা, মোহাম্মদ শামি, হর্ষিত রানা, অর্শদীপ সিং, বরুণ চক্রবর্তী।

নিউজিল্যান্ডের সম্ভাব্য একাদশ: উইল ইয়ং, ডেভন কনওয়ে, মার্ক চাপম্যান, রাচিন রবীন্দ্র, টম লাথাম, গ্লেন ফিলিপস, ড্যারিল মিচেল, মিচেল স্যান্টনার (অধিনায়ক), জ্যাকব ডার্ফি, উইল ওরুর্ক, কাইল জেমিসন।

সূত্র: যুগান্তর

স্মিথের সেই ঘটনা মনে ধরেছে সবার

ঘটনাটি আফগানিস্তানের ব্যাটিং ইনিংসে। নাথান এলিস যখন ৪৭তম ওভার শেষ করেন, তখন ক্রিজ ছেড়ে বেরিয়ে যান নূর আহমেদ। আম্পায়ার তখনও ওভার ঘোষণা করেননি। সেই সুযোগে স্ট্যাম্প ভেঙে দেন অস্ট্রেলিয়ার উইকেটকিপার জশ ইংলিশ। হতাশ হয়ে পড়েন আফগান তারকা নূর। তবে তখনই সিদ্ধান্ত পাল্টে নেন স্টিভ স্মিথ।

অস্ট্রেলিয়ার অধিনায়ক আম্পায়ারের কাছে অনুরোধ করেন যাতে আউট না দেন। নূর সে যাত্রায় বেঁচে যান। পরে আজমতউল্লাহ ওমরজাই তাকে নিয়েই আফগানিস্তানকে আড়াইশ পেরিয়ে দেন। অজিদের ওই স্পিরিটকে মনে ধরেছে ভক্ত-সমর্থকদের। প্রশংসায় ভাসছেন স্মিথ।

নূর আহমেদের অবচেতন মনেই করে বসেছিলেন ভুল। তবে ইংলিশ নজরে রেখেছিলেন। যদিও রান আউটের আবেদন করার পরেই ছুটে আসেন স্মিথ। আম্পায়ারদের কাছে অনুরোধ করেন আহমদকে রান আউট না করতে। আম্পায়ারেরা সেই সিদ্ধান্ত মেনে নেন। খেলা চালিয়ে যান আহমদ। এই ঘটনার ভিডিও ভাইরাল হয়ে গেছে ইতোমধ্যে।

আফগানিস্তানের সঙ্গে অস্ট্রেলিয়ার ম্যাচটি গেছে বেরসিক বৃষ্টির পেটে। তবে একটি জয় ও দুটিতে পয়েন্ট ভাগাভাগি হওয়ায় অস্ট্রেলিয়া চলে এসেছে চ্যাম্পিয়ন্স ট্রফির শেষ চারে। এই গ্রুপ থেকে আফগানিস্তান ও দক্ষিণ আফ্রিকার মাঝে যেকোনো একটি দল পাবে সেমির টিকিট। সেই ইদুর দৌঁড়ে প্রোটিয়ারা বেশ এগিয়ে। আজ বিকালে ইংলিশদের বিপক্ষে লড়বে দক্ষিণ আফ্রিকা।

সূত্র: যুগান্তর

আজ হারলেও যত টাকা নিয়ে ফিরবেন শান্তরা

চ্যাম্পিয়ন্স ট্রফিতে ট্রফির মিশন শুরুতেই থেমেছে বাংলাদেশের। টানা দুই হারে ছিটকে পড়া টাইগাররা এখন সান্ত্বনার জয়ের খোঁজে। টুর্নামেন্টে ব্যাটিং-বোলিংয়ে হতশ্রী থাকা নাজমুল হোসেন শান্ত ব্রিগেড যদিও মোটা অঙ্কের টাকা নিয়ে ফিরবে দেশে। আজ পাকিস্তানের বিপক্ষে ম্যাচটিতে হারলেও আসবে প্রায় তিন কোটি টাকা।

আইসিসি এবার প্রাইজমানি বাড়িয়েছে। চ্যাম্পিয়ন্স ট্রফি শুরুর আগে ঘোষণা জানানো হয়েছে, রানার্স আপ দল পাবে ১.১২ মিলিয়ন ডলার বা প্রায় ১৩ কোটি ৫৭ লাখ টাকার অর্থ পুরস্কার। চ্যাম্পিয়ন দল পাবে ২.২৪ মিলিয়ন ডলার বা প্রায় ১৯ কোটি ৪১ লাখ টাকা। বাদ যাবে না অংশগ্রহন করা কোন দল।

প্রাইজমানি অনুযায়ী, সপ্তম ও অষ্টম দল পাবে ১ লাখ ৪০ হাজার ডলার (প্রায় ১ কোটি ৬৯ লাখ ১৫ হাজার ৪০১ টাকা) করে। এ ছাড়া প্রতিটি দল টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য পাবে ১ লাখ ২৫ হাজার ডলার (প্রায় ১ কোটি ৫১ লাখ ৩ হাজার ৩৭ টাকা)। যার অর্থ বাংলাদেশ দলের ভাণ্ডারে ইতোমধ্যে তিন কোটি টাকা চলে এসেছে।

টাইগারদের ট্রফির মিশন মোটাদাগে ব্যর্থ হয়েছে। দুটি ম্যাচ খেলে দুটিতেই হেরেছে। নূন্যতম লড়াইও জমাতে পারেনি। তবে শেষটি অর্থাৎ আজ পিন্ডিতে যদি পাকিস্তানের পিন্ডি চটকাতে পারেন শান্তরা, তবে টাকার পরিমাণ বাড়বে। তাও প্রায় অর্ধকোটি টাকার মতো।

গ্রুপ পর্বে প্রতিটি জয়ের জন্য প্রাইজমানি রাখা হয়েছে ৩৪ হাজার ডলার (৪১ লাখ ৮ হাজার ২৬ টাকা)। পাকিস্তান বধ করা গেলে শান্তদের ৩ কোটি টাকার সঙ্গে যোগ হবে আরও ৪১ লাখ টাকা। পারফর্মে বেহাল দশা হলেও মোটাঅঙ্কের অর্থ নিয়ে ফিরছে শান্ত ব্রিগেড।

সূত্র: যুগান্তর

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

মুজিবনগরে ইসলামিক সংস্কৃতির নান্দনিক বিকাশ ও নৈতিকতা সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে গত মঙ্গলবার অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও মাদ্রাসার পরিচালক সোহেল রানা এবং প্রিন্সিপাল বায়জিদ হোসেন।

৪৫টি ইভেন্টে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজের প্রায় সাড়ে চারশত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন।

এ সময় মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

সমালোচকের নামে এবার মামলা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিউজিল্যান্ডের কাছে হেরে বিদায় বাংলাদেশের

হার দিয়ে এবারের চ্যাম্পিয়নস ট্রফি শুরু করেছিল বাংলাদেশ। তাই টুর্নামেন্টে টিকে থাকতে নিউজিল্যান্ডের বিপক্ষে জয়ের বিকল্প ছিল না টাইগারদের সামনে। এমন ম্যাচে রাচিন রবীন্দ্রর সেঞ্চুরিতে ৫ উইকেটে হেরেছে বাংলাদেশ। এই টুর্নামেন্ট থেকে ছিটকে গেল নাজমুল হোসেন শান্তর দল। অন্যদিকে টানা দুই জয়ে সেমিফাইনাল নিশ্চিত করেছে নিউজিল্যান্ড।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠান কিউই অধিনায়ক মিচেল স্যান্টনার। ভালো শুরুর পর খেই হারায় বাংলাদেশ। অধিনায়ক শান্তর ফিফটিতে ভর করে নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৩৬ রান সংগ্রহ করেছে বাংলাদেশ।

শান্ত ১১০ বলে করেন ৭৭ রান। এছাড়া জাকের আলী অনিক করেন ৫৫ বলে ৪৫ রান। নিউজিল্যান্ডের পক্ষে মাইকেল ব্রেসওয়েল নেন ৪টি উইকেট।

২৩৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ইনিংসের প্রথম ওভারেই উইকেট হারায় নিউজিল্যান্ড। রানের খাতা খোলার আগেই তাসকিনের বলে বোল্ড হয়ে ফিরে যান উইল ইয়োং। এরপর কেইন উইলিয়ামসনকে সঙ্গে নিয়ে শুরুর ধাক্কা সামাল দেওয়ার চেষ্টা করেন ডেভন কনওয়ে।

তবে ইনিংসের চতুর্থ ওভারে কিউই শিবিরে আঘাত হানেন নাহিদ। দলীয় ১৫ রানে ৪ বলে ৫ রান করে আউট হন উইলিয়ামসন। এরপর রাচীন রবীন্দ্রকে সঙ্গে নিয়ে শুরুর ধাক্কা সামাল দেওয়ার চেষ্টা করেন ডেভন কনওয়ে। ৫৭ রানের জুটি গড়েন এই দুই ব্যাটার।

তবে দলীয় ৭২ রানে বাংলাদেশকে ব্রেক থ্রু এনে দেন মোস্তাফিজ। ৪৫ বলে ৩০ রান করা কনওয়েকে সাজঘরে ফেরান এই টাইগার পেসার। এরপর ক্রিজে আসা টম লাথামকে সঙ্গে নিয়ে বাংলাদেশের বোলারদের ওপর চড়াও হন রবীন্দ্র। বেশ আগ্রসী ব্যাটিং করতে থাকেন এই দুই ব্যাটার।

সাবলীল ব্যাটিংয়ে ওয়ানডে ক্যারিয়ারের চতুর্থ সেঞ্চুরি তুলে নেন রবীন্দ্র। দলীয় ২০১ রানে আউট হওয়ার আগে ১০৫ বলে ১১২ রান করেন তিনি। রবীন্দ্রর বিদায়ের পরপরই ৭৬ বলে ৫৫ রান করে সাজঘরে ফিরে যান লাথাম। এরপর জয়ের বাকী আনুষ্ঠানিকতা সাড়েন গ্লেন ফিলিপস ও ব্রেসওয়েল। ২৩ বল হাতে রেখে দলের জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন তারা।

সূত্র: ইত্তেফাক